বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)
পল্লী ভবন, ৫কাওরানবাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০২.২৩-০৮৯ তারিখঃ ১৪ জানুয়ারি, ২০২৪

**অফিস আদেশ**

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের আওতায় গঠিত সমিতিসমূহ কিভাবে পরিচালনা করাসহ কি ধরনের পদক্ষেপ গ্রহণের মাধ্যমে প্রত্যেক নারী সদস্যের কর্মসংস্থান সৃষ্টিসহ সচেতনতা বৃদ্ধি ও নারীর ক্ষমতায়ন সুনিশ্চিত করা সম্ভব হবে তা নিরূপনসহ বাস্তবায়নের জন্য প্রাথমিকভাবে প্রতিটি উপজেলায় ন্যূনতম ০৩টি করে আদর্শ/বিশেষ সমিতি গঠন ও পরিচালনা করার নির্দেশনা প্রদান করা হয়েছে। উল্লেখ্য, পরবর্তিতে উপজেলায় গঠিত সকল সমিতিকে উক্ত আদর্শ/বিশেষ সমিতির ন্যায় রূপান্তর করে নারী ক্ষমতায়ন ও স্ব-কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগ নেয়া হবে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু সংখ্যক উপজেলায় বিভিন্ন সময় বিভিন্ন সমিতিকে আদর্শ/বিশেষ সমিতি হিসেবে চিহ্নিত করা হচ্ছে, যার ফলশ্রুতিতে যে উদ্দেশ্যে এ সকল সমিতি-কে মডেল হিসেবে গণ্য করে গ্রামীন নারীদের ক্ষমতায়ন, দারিদ্র বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগ নেয়া হবে তা ব্যহত হচ্ছে। তাই আদর্শ/বিশেষ সমিতি গঠন ও পরিচালনার ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণযোগ্য হবে:

- প্রত্যেক উপজেলায় গঠিত সমিতিসমূহের মধ্যে ন্যূনতম ০৩টি সমিতিকে আদর্শ/বিশেষ সমিতি হিসেবে চিহ্নিত করে জেলার উপপরিচালক এর মাধ্যমে সমিতির নাম ও ঠিকানা প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করতে হবে;
- আদর্শ/বিশেষ সমিতি হিসেবে চিহ্নিত করার পর প্রকল্প সদর দপ্তরের পূর্বানুমোদন ব্যতিত ভিন্ন কোন সমিতিকে আদর্শ/বিশেষ সমিতি হিসেবে অর্ন্তভূক্ত করা যাবে না;
- আদর্শ/বিশেষ সমিতি সমিতিতে নতুন সদস্য অর্ন্তভূক্ত করাসহ প্রয়োজনে নিষ্কীয় সদস্য-কে বাতিল করে সমিতি পুনর্গঠন করা যাবে;
- স্বল্প ও দীর্ঘমেয়ার্দী আইজিএ ভিত্তিক প্রশিক্ষণের ক্ষেত্রে আদর্শ/বিশেষ সমিতি সমিতির সদস্যদের অগ্রাধিকার দিতে হবে;
- ক্ষুদ্র ও উদ্যোক্ত ঋণ প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে;
- সদস্যদের উৎপাদিত পণ্য সামগ্রী বিপণনের সহায়তা প্রদান করতে হবে;
- এ সকল সমিতিতে নিয়মিত পরিদর্শনসহ সদস্যদের স্ব কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগ নিতে হবে;
- সকল সামাজিক বিষয়ে সচেতনতা বৃদ্ধি ও ক্ষমতায়নের লক্ষ্যে নিয়মিত উঠান বৈঠক আয়োজনসহ অন-সাইট প্রশিক্ষণ প্রদান করতে হবে।

২। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারি করা হলো।

১৪/১/২৪
মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক

<u>অনুলিপি বিতরণ (জেষ্ঠতার ভিত্তিতে নহে)</u>ঃ

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ---------------।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা:-------------------জেলা:--------------------।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. পরিচালক (পরিকল্পনা/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. মাঠ সংগঠক/ হিসাব সহকারী/সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-------,জেলাঃ---
৭. অফিস নথি।